

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বরঃ ৪৬.০০.০০০০.০৮৫.২৮.০২৫.২০২২ (অংশ-১)-৪৯৮

তারিখঃ ১২ ভাদ্র ১৪৩০  
২৭ আগস্ট, ২০২৩

বিষয়ঃ পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ অনুযায়ী কুমিল্লা শহরে পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) গঠনের লক্ষ্যে তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিবেশবান্ধব, টেকসই ও গণমুখী সুপেয় পানি সরবরাহ এবং স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ অনুযায়ী কুমিল্লা শহরে পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) গঠনে সরকার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত ওয়াসা গঠনকল্পে কুমিল্লা সিটি কর্পোরেশনভুক্ত এলাকাসমূহের তথ্য নিয়োক্ত ছক মোতাবেক প্রয়োজনঃ

ছক-১

১	২	৩	৪	৫	৬	৭	৮
জেলার নাম	সিটি কর্পোরেশন/ পৌরসভার নাম	যে সকল এলাকা নিয়ে ওয়াসা গঠিত হবে এর নাম (মৌজা/ওয়ার্ড/ইউনিয়ন)	আয়তন	জনসংখ্যা	মোট আয়তন	মোট জনসংখ্যা	মন্তব্য

০২। এমতাবস্থায়, পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ অনুযায়ী কুমিল্লা শহরে ওয়াসা গঠনের লক্ষ্যে চাহিদা মোতাবেক তথ্যাদি (সফট কপি ও পিডিএফ কপি ইমেইলে এবং হার্ডকপি) আগামী ০৭/০৯/২০২৩ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগের পাস-২ শাখায় আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মুস্তাফিজুর রহমান)  
উপসচিব

ফোন : ০২৫৫১০০৩৭০  
lgws2@lgd.gov.bd  
watersupply\_02@yahoo.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
- ২। জেলা প্রশাসক, কুমিল্লা
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (পাস/প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)